গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং:০৫.৪৩.৬৯০৯.০০০.০৪.০২৫.১৯- ৬৬(১৬০) তারিখ: ০৪.০২.২০১৮ খ্রিঃ

## বাগাতিপাড়া উপজেলার হাট-বাজারসমূহ বাংলা ১৪২৬ সনের জন্য ইজারা বিজ্ঞপ্তি

এ তদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাগাতিপাড়া উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত দরপত্র সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথক পৃথক ভাবে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে । দরপত্রের শর্ত সম্বলিত সিডিউল দরপত্র দাখিলের প্রতিটি তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার(ভূমি), বাগাতিপাড়া এর কার্যালয়, বাগাতিপাড়া মডেল থানা, সোনালী ব্যাংক, বাগাতিপাড়া শাখা এবং জেলা প্রশাসক, নাটোর এর কার্যালয় (স্থানীয় সরকার শাখা) হতে সংগ্রহ করা যাবে । দরপত্রসমূহ দরপত্র দাখিলের নির্ধারিত দিনে সকাল ১০.০০ টা হতে বেলা ২.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার(ভূমি), বাগাতিপাড়া এর কার্যালয়, পুলিশ সুপার, নাটোর এবং জেলা প্রশাসকের কার্যালয়ে (স্থানীয় সরকার শাখা) রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। প্রাপ্ত দরপত্র সমূহ দরপত্র দাখিলের দিন বিকাল ৪.০০ টায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা হবে । দরপত্রের খামের উপর উপজেলা ও হাট-বাজার এর নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে । দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না ।

উল্লেখ্য যে, দরপত্রের সাথে দরদাতাকে দরপত্রে উল্লিখিত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফটের মাধ্যমে "উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর" বরাবরে জমা প্রদান করতে হবে । উক্ত জামানত হতে ২৫% অর্থ ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাঁকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে । সকল দরপত্র দাতাকে তার দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর এবং ৫% আয়কর প্রদান করতে হবে । যে সকল হাটে দাখিলকৃত দর সরকারী ইজারা মূল্যের সমান বা বেশী হবে সে সকল হাটের পরবর্তী তারিখ সমূহে বিজ্ঞপ্তির আওতা বহির্ভূত থাকবে । এ জন্য আলাদা কোন নোটিশ ইস্যু করা হবে না । এসংক্রান্ত যাবতীয় তথ্যাবলী প্রতি কার্যদিবসে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে জানান যাবে । কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

হাট-বাজারের তালিকা

| ক্র. নং | হাট/বাজারের নাম | ইউনিয়নের নাম | সিডিউলের মূল্য | বাংলা ১৪২৬ সনের সরকারি ইজারা মূল্য (গড়মূল্যের অতিরিক্ত ৬% সহ) | দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৫ |
| ১ | পাঁকা হাট | পাঁকা | ৫০০/- | ৪,৭৬০/- | ১ম দফা=১৯.০২.২০১৯<br>২য় দফা=০৪.০৩.২০১৯<br>৩য় দফা=১৯.০৩.২০১৯<br>৪র্থ দফা=২৮.০৩.২০১৯<br>৫ম দফা=০১.০৪.২০১৯ |
| ২ | সালাইনগর হাট | ঐ | ৫০০/- | ৭০,৭৪০/- | |
| ৩ | লোকমানপুর হাট | ঐ | ১,৪০০/- | ৩,১০,৭৭৫/- | |
| ৪ | চিথলিয়া হাট | ঐ | ৫০০/- | ২,৩১০/- | |
| ৫ | খাটখইর হাট | ঐ | ৫০০/- | ৫,৬৮৫/- | |
| ৬ | জামনগর হাট | জামনগর | ৫০০/- | ৭০,২৬০/- | |
| ৭ | বাঁশবাড়ীয়া হাট | ঐ | ৫০০/- | ৪২,৩৪০/- | |
| ৮ | কালিকাপুর হাট | ঐ | ৫০০/- | ২৯,৬৮০/- | |
| ৯ | তমালতলা হাট | বাগাতিপাড়া | ১,৪০০/- | ৩,৫০,১৯০/- | |
| ১০ | দয়ারামপুর হাট | দয়ারামপুর | ৮,৬০০/- | ৩৯,২৮,৭৫০/- | |
| ১১ | সোনাপুর হাট | ঐ | ১০০০/- | ১,২২,৫১০/- | |
| ১২ | চাঁদপুর হাট | ঐ | ৫০০/- | ৩৪,৩৫০/- | |
| ১৩ | বিদ্যুৎনগর হাট | ঐ | ৫০০/- | ৭,৩৬০/ | |
| ১৪ | নজিরপুর হাট | ফাগুয়াড়দিয়াড় | ৫০০/- | ১২,৯৭০/- | |
| ১৫ | সাইলকোনা হাট | ঐ | ৫০০/- | ৭৩,৬৬৫/- | |
| ১৬ | মাধববাড়ীয়া হাট | ঐ | ৫০০/- | ১,৫৯০/- | |

০৪.০২.১৯
(মোছাঃ নাসরিন বানু)
উপজেলা নিবাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর ।

স্মারক নং:০৫.৪৩.৬৯০৯.০০০.০৪.০২৫.১৯- তারিখ: ০৪.০২.২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

(১) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(২) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ।
(৩) পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী ।
(৪) জেলা প্রশাসক, নাটোর ।
(৫) উপ-পরিচালক, স্থানীয় সরকার, নাটোর ।

অনুলিপি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো ঃ

(৬) পুলিশ সুপার, নাটোর ।
(৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর ।
(৮) সিভিল সার্জন, নাটোর ।
(৯) নির্বাহী প্রকৌশলী(গণপূর্ত)/নির্বাহী প্রকৌশলী(এলজিইডি), নাটোর ।
(১০) অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), নাটোর ।
(১১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর ।
(১২) মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, বাগাতিপাড়া, নাটোর ।
(১৩) উপজেলা নির্বাহী অফিসার, নাটোর/নলডাঙ্গা/সিংড়া/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর, নাটোর ।
(১৪) সহকারী কমিশনার(ভূমি), নাটোর/নলডাঙ্গা/সিংড়া/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগাতিপাড়া, নাটোর ।
(১৫) উপজেলা ..................................অফিসার, বাগাতিপাড়া, নাটোর ।
(১৬) অফিসার ইনচার্জ, বাগাতিপাড়া মডেল থানা, বাগাতিপাড়া, নাটোর ।
(১৭) জেলা তথ্য অফিসার, নাটোর ।
(১৮) চেয়ারম্যান, পাঁকা/জামনগর/বাগাতিপাড়া/দয়ারামপুর/ফাগুয়াড়দিয়াড়, বাগাতিপাড়া, নাটোর ।
(১৯) বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ঢাকা।
বিজ্ঞাপনটি সাপ্তাহিক ছুটির দিন বাদে আগামীকাল দৈর্ঘ ১০ ইঞ্চি ও প্রস্থ ০৪ কলামে এক সংখ্যায় প্রকাশ পূর্বক ০২(দুই) কপি পেপার কাটিং প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।
(২০) বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক করতোয়া, বগুড়া
বিজ্ঞাপনটি সাপ্তাহিক ছুটির দিন বাদে আগামীকাল দৈর্ঘ ১০ ইঞ্চি ও প্রস্থ ০৪ কলামে এক সংখ্যায় প্রকাশ পূর্বক ০২(দুই) কপি পেপার কাটিং প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।
(২১) উপজেলা পোষ্টমাস্টার, লক্ষণহাটি, বাগাতিপাড়া, নাটোর ।
(২২) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস , পাঁকা/জামনগর/বাগাতিপাড়া/দয়ারামপুর/ফাগুয়াড়দিয়াড়, বাগাতিপাড়া, নাটোর । তাঁকে বিজ্ঞাপনটি সংশ্লিষ্ট ইউনিয়নের সকল হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারপূর্বক জারীর প্রতিবেদন যথাসময়ে অত্রাফিসে দাখিলের জন্য অনুরোধ করা হলো ।
(২৩) জনাব.............................................., পিতা......................................., ঠিকানা:.............................. । বাংলা ১৪২৫ সনের ইজারাদার..........................হাট-বাজার, বাগাতিপাড়া, নাটোর ।
(২৪) নোটিশ বোর্ড
(২৫) অফিস কপি ।

০৪.০২.১৯

( মোছাঃ নাসরিন বানু)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর
ফোন নং:০৭৭২২-৭২০০১
ই-মেইল:unobagatipara@mopa.gov.bd